গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা

**বিষয় ঃ সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের মাসিক (ফেব্রুয়ারি ২০১৭ মাসের) সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
তারিখ ও সময় ঃ ১২ মার্চ, ২০১৭, বেলা ১১ টায়
স্থান ঃ সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিত কর্মকর্তা ঃ পরিশিষ্ট-'ক'

২। সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয়ের ওপর অনুষ্ঠিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:

| নং | বিষয় ও অলোচনা | সিদ্ধান্ত (বাস্তবায়নকারী কর্মকর্তা/অধিদপ্তর) |
|---|---|---|
| ১. | **গত সভার (জানুয়ারি ২০১৭) কার্যবিবরণী নিশ্চিতকরণ ;** গত সভার (জানুয়ারি ২০১৭) কার্যবিবরণী ০৬ মার্চ ২০১৭ জারি করে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। | গত সভার (জানুয়ারি ২০১৭) কার্যবিবরণীটি নিশ্চিত করা হলো। **বাস্তবায়নে :** অধিদপ্তর (সকল) |
| ২. | **মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি ;** | |
| | ২.১ বন্দীদের উৎপাদিত পণ্যের বিক্রয়লব্ধ অর্থ হতে মজুরী প্রদানের ব্যবস্থা করা। | আগামী ২০-০৩-২০১৭ তারিখের মধ্যে এ বিষয়ে অর্থ বিভাগের সিনিয়র সচিব বরাবর পত্র প্রেরণ করতে হবে। **বাস্তবায়নে :** কারা অনুবিভাগ/কারা অধিদপ্তর |
| | ২.২ কারা কর্মচারীদের ছেলেমেয়েদের জন্য স্কুল বাস প্রদান এবং প্রয়োজনে নতুন স্কুল নির্মাণ। | কারা কর্মচারীদের ছেলেমেয়েদের জন্য স্কুল বাস প্রদানের বিষয়ে চেয়ারম্যান, বিআরটিসি বরাবর পত্র প্রেরণ করতে হবে। **বাস্তবায়নে :** কারা অনুবিভাগ/কারা অধিদপ্তর |
| | ২.৩ সার্বিক ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে কারাগারের কর্মকর্তার সংখ্যা বৃদ্ধি। | কারা অধিদপ্তরের অধীন সকল কারাগারসমূহে সার্বিক ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে কারাগারের ভৌত সুবিধাদিসহ জনবল বৃদ্ধির একটি সময়সূচিভিত্তিক কর্মপরিকল্পনা কারা অধিদপ্তর প্রেরণ করবে। **বাস্তবায়নে :** কারা অনুবিভাগ/উন্নয়ন অনুবিভাগ/কারা অধিদপ্তর |
| | ২.৪ কেরাণীগঞ্জে কারা কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন। | এ বিষয়ে আগামী ১৫ দিনের মধ্যে ডিপিপি প্রণয়ন করে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে। **বাস্তবায়নে :** কারা অনুবিভাগ/উন্নয়ন অনুবিভাগ/কারা অধিদপ্তর |
| | ২.৫ কেরাণীগঞ্জে কারা কর্মকর্তা কর্মচারী ও সর্বসাধারণের জন্য ২০০-২৫০ শয্যার হাসপাতাল স্থাপন। | এ বিষয়ে আগামী ১৫ দিনের মধ্যে ডিপিপি প্রণয়ন করে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে। এ ব্যাপারে ০১ জন ফোকাল কর্মকর্তা মনোনয়ন প্রদান করে তাকে গণপূর্ত অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। **বাস্তবায়নে :** কারা অনুবিভাগ/উন্নয়ন অনুবিভাগ/কারা অধিদপ্তর |
| | ২.৬ মামলার ভিকটিম ও সাক্ষীদের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষে সাক্ষী সুরক্ষা আইন প্রণয়ন। | এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জননিরাপত্তা বিভাগকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করতে হবে। **বাস্তবায়নে :** আইন ও শৃঙ্খলা অনুবিভাগ |
| | ২.৭ কারাবন্দীদের বিশেষ করে মহিলা কারাবন্দীদের থাকার ভাল ব্যবস্থা গ্রহণ। | এ বিষয়ে এ পর্যন্ত কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা বিস্তারিত ও সুনির্দিষ্টভাবে আগামী সমন্বয় সভার পূর্বে এ বিভাগকে অবহিত করতে হবে। **বাস্তবায়নে :** কারা অধিশাখা/কারা অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| | ২.৮ বৃষ্টির পানি সংরক্ষণ ও ব্যবহারের ব্যবস্থা গ্রহণ। | নতুনভাবে নির্মাণাধীন কোন কোন কারাগারে বৃষ্টি পানির সংরক্ষণ ও ব্যবহার করা হচ্ছে তা সুনির্দিষ্টভাবে বলতে হবে।<br>**বাস্তবায়নে :** কারা অনুবিভাগ/কারা অধিদপ্তর |
| | ২.৯ কারা বন্দীদের সাথে সপ্তাহে ০১ দিন পরিবারের মোবাইলে কথা বলা। | কারা বন্দীদের সাথে তাদের পরিবারের সদস্যদের মোবাইল ফোনে কথা বলাসহ অন্যান্য বিষয় বাস্তবায়নের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্পের আওতায় ২৫ লক্ষ টাকার ০১টি পাইলট প্রকল্প কর্মসূচি বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। উল্লেখ্য যে, আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১০ম সভায় 'কারাগারে মোবাইল ফোন বুথ করা যাবে না' মর্মে সিদ্ধান্ত হয়েছে। অপরপক্ষে মাননীয় প্রধানমন্ত্রী কেরানীগঞ্জ কারাগার উদ্বোধনকালে ভাষণে বন্দীদের নির্দিষ্ট সময় অন্তর অন্তর পরিবারের সাথে কথা বলার সুযোগ সৃষ্টির ব্যবস্থা করা হবে মর্মে প্রতিশ্রুতি ব্যক্ত করেন। এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য মাননীয় প্রধামন্ত্রী বরাবর ০১টি সার:সংক্ষেপ প্রেরণ করতে হবে।<br>**বাস্তবায়নে :** কারা অধিশাখা/কারা অধিদপ্তর |
| | ২.১০ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০ যুগোপযোগী করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর আগামী ০১ মাসের মধ্যে আইনের খসড়া প্রস্তুতপূর্বক সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবে। অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ) বিষয়টি তদারকি করবেন।<br>**বাস্তবায়নে :** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| | ২.১১ নানা রকম দূর্ঘটনা, ভূমিকম্প এবং পরিবেশ বিপর্যয়ের মত প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা অর্জনে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ। | নানা রকম দূর্ঘটনা, ভূমিকম্প এবং পরিবেশ বিপর্যয়ের মত প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা অর্জনে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ১৯৮ কোটি ৭৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে Modernization of Fire service & Civil Defence প্রকল্পের আওতায় এ পর্যন্ত কি কি কার্যক্রম গ্রহণ করেছে তার ধারাবাহিক বিবরণ সুনির্দিষ্টভাবে আগামী সমন্বয় সভার পূর্বে সুরক্ষা সেবা বিভাগের প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করবে।<br>**বাস্তবায়নে :** উন্নয়ন অনুবিভাগ/অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| | **২.১২.১-২.১২.৮ (বিভিন্ন জেলা-উপজেলায় অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপন)** | |
| | ২.১২.১ মেহেরপুর জেলার মুজিবনগর ও গাংনী উপজেলায় অগ্নি নির্বাপন কেন্দ্র স্থাপন।<br>বাস্তবায়নে : অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ক) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এই প্রকল্পের ভূমি অধিগ্রহণ সংক্রান্ত তথ্যাবলিসহ প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিকট উপস্থাপন করবেন।<br>খ) ভূমি অধিগ্রহণ কার্যক্রম ত্বরান্বিত করার জন্য প্রয়োজনে জেলা প্রশাসনের সাথে যোগাযোগ রক্ষা করে আগামী ১৫ দিনের মধ্যে অধিগ্রহণ কার্যক্রম সমাপ্ত করতে হবে।<br>**বাস্তবায়নে :** উন্নয়ন অনুবিভাগ/অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| | ২.১২.২ সিরাজগঞ্জ জেলার চৌহালী, তারাস ও কামারখন্দ উপজেলায় অগ্নি নির্বাপন কেন্দ্র স্থাপন। | ক) ১৫৬ প্রকল্পের আওতায় সিরাজগঞ্জ জেলার তারাস ও কামারখন্দ উপজেলা ০২টি তে ফায়ার স্টেশন নির্মাণের অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>খ) একই প্রকল্পের অধীন এ জেলার চৌহালী উপজেলায় ফায়ার স্টেশন নির্মাণের জন্য জমি চিহ্নিতকরণের কাজ আগামী সমন্বয় সভার পূর্বে সমাপ্ত করে প্রতিবেদন দাখিল করতে হবে।<br>**বাস্তবায়নে :** উন্নয়ন অনুবিভাগ/অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |

<table>
<tr>
<td>২.১২.৩ ত্রিশাল, গৌরিপুর ও নান্দাইল উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন।<br><u>বাস্তবায়নে</u> : অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td>
<td>ক) গৌরিপুর উপজেলায় ফায়ার স্টেশন স্থাপন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য ভূমি মন্ত্রণালয়ে উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করতে হবে।<br>খ) নান্দাইল উপজেলায় ফায়ার স্টেশন নির্মাণ কাজ এ পর্যন্ত কতভাগ সমাপ্ত হয়েছে এবং কত তারিখের মধ্যে অবশিষ্ট নির্মাণ কাজ সমাপ্ত হবে তার একটি প্রতিবেদন আগামী সমন্বয় সভার পূর্বে দাখিল করতে হবে।<br><u>বাস্তবায়নে :</u> উন্নয়ন অনুবিভাগ/অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td>
</tr>
<tr>
<td>২.১২.৪ নারায়ণগঞ্জ সদর ও বন্দর উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশনগুলো আধুনিকায়ন করা।<br><u>বাস্তবায়নে</u> : অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td>
<td>ক) Modernization of Fire service & Civil Defence এর আওতায় নারায়ণগঞ্জ সদর ও বন্দর উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশনগুলো আধুনিকায়ন করার যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে তার উপর ০১ টি প্রতিবেদন ডিজি, ফায়ার সার্ভিস আগামী সমন্বয় সভায় উপস্থাপন করবেন।<br>খ) ঢাকা ও আশেপাশের এলাকাসহ দেশের গুরুত্বপূর্ণ এলাকায় অবস্থিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনসমূহ আধুনিকায়নের জন্য আগামী ০১ মাসের মধ্যে একটি ডিপিপি প্রণয়ন করে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে।<br><u>বাস্তবায়নে :</u> উন্নয়ন অনুবিভাগ/অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td>
</tr>
<tr>
<td>২.১২.৫ সুনামগঞ্জ জেলার সকল উপজেলায় অগ্নি নির্বাপন কেন্দ্র নির্মাণ।<br><u>বাস্তবায়নে</u> : অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td>
<td>ফায়ার স্টেশনগুলির নির্মাণ কাজের অগ্রগতি নিম্নোক্ত ছক অনুযায়ী প্রদান করতে হবে-<br><table><tr><th>ক্রমিক নং</th><th>প্রকল্পের নাম/ কাজের নাম</th><th>কার্যাদেশ প্রদানের তারিখ</th><th>বর্তমান অগ্রগতি (তারিখ উল্লেখপূর্বক)</th><th>সমাপ্তির তারিখ</th></tr><tr><td></td><td></td><td></td><td></td><td></td></tr></table><u>বাস্তবায়নে :</u> উন্নয়ন অনুবিভাগ/অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td>
</tr>
<tr>
<td>২.১২.৬ বরগুনা জেলার যে সকল উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন নেই সেসব উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপনকরণ।<br><u>বাস্তবায়নে</u> : অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td>
<td>ফায়ার স্টেশনগুলির নির্মাণ কাজের অগ্রগতি নিম্নোক্ত ছক অনুযায়ী প্রদান করতে হবে-<br><table><tr><th>ক্রমিক নং</th><th>প্রকল্পের নাম/ কাজের নাম</th><th>কার্যাদেশ প্রদানের তারিখ</th><th>বর্তমান অগ্রগতি (তারিখ উল্লেখপূর্বক)</th><th>সমাপ্তির তারিখ</th></tr><tr><td></td><td></td><td></td><td></td><td></td></tr></table><u>বাস্তবায়নে :</u> উন্নয়ন অনুবিভাগ/অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td>
</tr>
<tr>
<td>২.১২.৭ চাঁদপুর জেলার যে সকল উপজেলায় ফায়ার সার্ভিস ষ্টেশন নেই সেসব উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন করণ।<br><u>বাস্তবায়নে</u> : অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td>
<td>ফায়ার স্টেশনগুলির নির্মাণ কাজের অগ্রগতি নিম্নোক্ত ছক অনুযায়ী প্রদান করতে হবে-<br><table><tr><th>ক্রমিক নং</th><th>প্রকল্পের নাম/ কাজের নাম</th><th>কার্যাদেশ প্রদানের তারিখ</th><th>বর্তমান অগ্রগতি (তারিখ উল্লেখপূর্বক)</th><th>সমাপ্তির তারিখ</th></tr><tr><td></td><td></td><td></td><td></td><td></td></tr></table><u>বাস্তবায়নে :</u> উন্নয়ন অনুবিভাগ/অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| | ২.১২.৮ কুড়িগ্রাম জেলার ভুরুঙ্গামারী, ফুলবাড়ী, রাজারহাট, রৌমারী ও রাজীবপুর উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন প্রসঙ্গে।<br>বাস্তবায়নে : অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ক) রৌমারী উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন নির্মাণ কাজ কত তারিখ সমাপ্ত হবে তা উল্লেখপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে।<br>খ) অন্যান্য উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন নির্মাণ কার্যক্রম কোথায়, কিভাবে আটকে আছে তা বিস্তারিত উল্লেখপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে।<br>**বাস্তবায়নে :** উন্নয়ন অনুবিভাগ/অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৩ | **মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহ বাস্তবায়ন অগ্রগতি:** | |
| | ৩.১ বিভিন্ন মামলায় মৃত্যুদণ্ড প্রদত্ত আদেশগুলো দ্রুত কার্যকর করতে উদ্যোগ নিতে হবে। প্রয়োজনে আলাদা সেল গঠন এবং আইন মন্ত্রণালয়ের সহায়তা গ্রহণ। | ক) মৃত্যুদন্ডাদেশপ্রাপ্ত বন্দিদের বিভিন্ন আদালতে চলমান ডেথ রেফারেন্স এবং আপীল মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির উপায় খুঁজে বের করা ও করণীয় বিষয় নির্ধারণ পূর্বক মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য গঠিত কমিটির কার্যক্রম জোরদার করতে হবে। প্রয়োজনে কমিটি পূর্ণগঠন করতে হবে।<br>খ) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে দ্রুত মৃত্যুদন্ড কার্যকর করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়নে :** আইন ও শৃঙ্খলা অনুবিভাগ/কারা অনুবিভাগ/কারা অধিদপ্তর |
| | ৩.২ সোনা পাচার/মাদক/অস্ত্র/শিশু ও মানব পাচার এর বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখা। | ক) মাদক পাচার রোধকল্পে -<br>গণসচেতনতামূলক প্রচার কার্যক্রম গ্রহণ এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে সারা দেশের মাদকবিরোধী তদারক করার জন্য একটি সেল গঠন করতে হবে।<br>গ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর গণসচেতনামূলক কার্যক্রম এবং পাচার বিরোধী অভিযানের উপর ০৩ মাসের ০১ টি কর্মপরিকল্পনা গ্রহণ করবে এবং এর উপর অগ্রগতির প্রতিবেদন নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করবে।<br>ঘ) বিভিন্ন জেলা ও বিভাগীয় পর্যায়ে কর্মরত অতিরিক্ত পরিচালক/ উপ-পরিচালক/সহকারী পরিচালকবৃন্দ তাদের মাসিক কর্মপরিকল্পনা মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও সচিব, সুরক্ষা সেবা বিভাগ বরাবর প্রেরণ করবে।<br>**বাস্তবায়নে :** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| | ৩.৩ স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের দাবীকৃত রেশন ও ভাতার বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সাথে সমন্বয়ের মাধ্যমে নিষ্পত্তি করা। | অর্থ বিভাগের সাথে যোগাযোগ করে বিষয়টি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়নে :** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| | ৩.৪ এনজিও পরিচালিত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের মাধ্যমে যাতে মাদক দ্রব্যের বিস্তার না ঘটে সেজন্য এ ধরনের প্রতিষ্ঠানগুলোকে যথাযথ নজরদারির আওতায় আনা। | এনজিও পরিচালিত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে পরিদর্শনকারী কর্মকর্তাগন কে কতবার পরিদর্শন করেছেন তা ছকাকারে পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন।<br>**বাস্তবায়নে :** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| | ৩.৫ ডিসি-ডিএম সভার অনুরূপ মায়ানমারের সাথে ইয়াবাসহ অন্যান্য দ্রব্য পাচার ও অবৈধ অনুপ্রবেশ ঠেকাতে উভয় পক্ষের তৃণমূল পর্যায়ের প্রতিনিধিদের আলোচনা শুরুর বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ। | বাংলাদেশ মায়ানমারের মাঝে অনুষ্ঠিত সভায় যেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে আমন্ত্রণ জানানো হয় সে বিষয়ে আগামী ০১ সপ্তাহের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগকে পত্র দিয়ে অবহিত করতে হবে।<br>**বাস্তবায়নে :** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| | ৩.৬ নির্ধারিত সময়ের মধ্যে এমআরপি প্রদানের লক্ষ্যমাত্রা পূরণের প্রচেষ্টা জোরদার। | এ পর্যন্ত কতগুলো এমআরপি প্রদান করা হয়েছে তা সমন্বিত আকারে এবং মাসিকভিত্তিক অগ্রগতির প্রতিবেদন সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে। |

| | | |
|---|---|---|
| | | **বাস্তবায়নে :**বহিরাগমন অনুবিভাগ/বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর |
| | ৩.৭ ইংল্যান্ড, ইতালী, সৌদিআরবসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোতে কূটনৈতিক ব্যাগের মাধ্যমে এমআরপি প্রেরণ করার কথা বলা হলেও পৌছাতে দেরি হওয়ার কারণ কি তা পরীক্ষা করে জরুরি ভিত্তিতে সমস্যার সমাধান করতে হবে। উল্লিখিত দেশসমূহে পর্যাপ্ত জনবল ও অধিক সংখ্যক প্রিন্টার মেশিন সরবরাহ করা। | এ ব্যাপারে একটি প্রতিষ্ঠানের সাথে ০১টি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানের মাধ্যমে ৬৫টি দেশে ৩-৭ দিনের মধ্যে এমআরপি পৌছে দেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়নে :** প্রশাসন ও অর্থ অনুবিভাগ/বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর |
| | ৩.৮. প্রক্রিয়াধীন ০৮টি দেশে ১০টি পাসপোর্ট অফিসের জন্য কর্মকর্তা নিয়োগের প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। অপর প্রস্তাবিত দেশগুলোর মধ্য থেকে আপাতত ইউকে, ইউএসএ এবং ইইউভুক্ত যে কোন একটি দেশে পাসপোর্ট অফিস খোলা এবং কর্মকর্তা নিয়োগের কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। | ক) বাহরাইন ও জর্ডানে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের নবসৃষ্ট পাসপোর্ট ও ভিসা উইংয়ে কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>খ) প্রবাসী নাগরিকগণকে দ্রুত পাসপোর্ট এবং বিদেশী নাগরিকগণকে দ্রুত ভিসা প্রদানের লক্ষ্যে বিদেশস্থ আরো ১০ টি বাংলাদেশ মিশনে পাসপোর্ট ও ভিসা উইং খোলার কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়নে :** প্রশাসন ও অর্থ অনুবিভাগ |
| | ৩.৯<br>ক) কেরানীগঞ্জে কেন্দ্রীয় কারাগার স্থানান্তরের পর কারাগারের বিদ্যমান জায়গায় শীঘ্রই নতুন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে।<br>খ) ঢাকা কেন্দ্রীয় কারাগারের জায়গা হতে কম্বল কারখানা সরানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। কারখানার জায়গা উন্মুক্ত রাখা। | ক) এ বিষয়ে পূর্ণগঠিত কমিটি নতুন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য আগামী ২৭-০৩-২০১৭ তারিখে ০১টি সভা আহবান করবে।<br>খ) এ ব্যাপরে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর সারসংক্ষেপ প্রেরণ করে সিদ্ধান্ত গ্রহণ করবে।<br>**বাস্তবায়নে :** কারা অধিশাখা/কারা অধিদপ্তর |
| | ৩.১০ কারাবন্দীদের মধ্যে জঙ্গী সম্পৃক্ততা নিয়ন্ত্রণ করার লক্ষ্যে কারারক্ষীদের টেরোরিজম প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা। | আগামী সমন্বয় সভার পূর্বে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>**বাস্তবায়নে :** কারা অধিশাখা/কারা অধিদপ্তর |
| ৪. | **মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন :** | |
| | ৪.১ **সকল সংস্থায় ই-টেন্ডারিং পদ্ধতি চালুকরণ:**<br>স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে সকল সংস্থার ক্রয় কার্যক্রমে মন্ত্রিসভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ই-টেন্ডারিং চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়। প্রাথমিক পর্যায়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সকল সংস্থা/দপ্তর কে Central Procurement Technical Unit(CPTU) এর ওয়েব পোর্টালে নিবন্ধন করা হয়। পরবর্তীতে প্রতিটি দপ্তর/সংস্থা হতে ক্রয় কার্যক্রমে সম্পৃক্ত ৫-৭ কর্মকর্তা/কর্মচারীকে CPTU এর প্রশিক্ষণ ইনিষ্টিটিউটে e-Gp এর উপর প্রশিক্ষন প্রদান করা হয়। প্রতিটি সংস্থায় প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের মাধ্যমে নমুনা হিসেবে একটি করে ক্রয় কার্যক্রম ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করে সম্পন্ন করার বিষয়ে প্রস্তাব হয়। এ প্রস্তাবে সকলে একমত পোষন করেন। | ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ক্রয় কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তা-কর্মচারীগণকে সিপিটিইউ হতে e-GP এর উপর দ্রুত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।<br>খ) প্রতিটি অধিদপ্তর নমুনা হিসেবে ০১ টি ক্রয় কার্যক্রম ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বনে সম্পন্ন করতে হবে।<br>গ) সিপিটিইউ এর ওয়েব পোর্টালে রেজিস্ট্রিকৃত সুরক্ষা সেবা বিভাগে ক্রয় কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তা-কর্মচারীগনকে দ্রুত সিপিটিইউ-তে e-GP এর উপর প্রশিক্ষণ করতে হবে।<br>**বাস্তবায়নে :** অধিদপ্তর (সকল) |
| | ৪.২ **ভিসা অব্যাহতির চুক্তি সম্পাদন:**<br>৪.২.১ সভায় বাংলাদেশ-ব্রাজিল মধ্যে কুটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের মধ্যে ভিসা অব্যহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে চুক্তি স্বাক্ষরের বিষয়ে অগ্রগতি জানানোর জন্য ২৬/০২/২০১৭ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে। তবে অদ্যবদি এ বিষয়ে কোন অগ্রগতি জানা যায়নি। সভায় এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়কে তাগিদ দেয়ার বিষয়ে একমত পোষণ করা হয়। | ভিসা অব্যাহতি চুক্তি দ্রুত বাস্তবায়নের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে।<br>**বাস্তবায়নে :** নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ |
| | ৪.২.২ বাংলাদেশ ও সার্ভিয়ার মধ্যে কুটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের মধ্যে ভিসা অব্যহতি সংক্রান্ত চুক্তি সম্পাদনের বিষয়ে সভায় জানানো হয় যে, আইন মন্ত্রণালয় কর্তৃক ভেটিংকৃত চুক্তির খসড়ার উপর মতামত প্রদানের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা | চুক্তি সম্পাদনের কাজ ত্বরান্বিত করতে হবে।<br>**বাস্তবায়নে :** নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ |

<table>
<tr><td></td><td>হয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয় চুক্তিটি আংশিক সংশোধনপূর্বক মতামত প্রদান করে। বর্তমানে চুক্তি সম্পাদনের বিষয়টি সুরক্ষা সেবা বিভাগে প্রক্রিয়াধীন রয়েছে। চুক্তি স্বাক্ষরের বিষয়টি দ্রুত সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় একমত পোষন করা হয়।</td><td></td></tr>
<tr><td>৫</td><td colspan="2">বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :</td></tr>
<tr><td></td><td>মন্ত্রিপরিষদ বিভাগ থেকে আগামী বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সময়সূচি নির্ধারণ করে দেয়া হয়েছে। (পরিশিষ্ট-ক)</td><td>ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়সূচি অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন ও বাস্তবায়ন করতে হবে।<br>খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন সময়মত সুরক্ষা সেবা বিভাগ ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।<br><u>বাস্তবায়নে :</u> অগ্নি অনুবিভাগ/অধিদপ্তর(সকল)</td></tr>
<tr><td>৬</td><td>ওয়েব সাইট :</td><td></td></tr>
<tr><td></td><td>সুরক্ষা সেবা বিভাগের অধীন সকল অধিদপ্তরের ওয়েবসাইটে হালনাগাদ তথ্যাদি প্রদান।</td><td>অধিদপ্তরের ওয়েবসাইট সবসময় হালানাগাদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><u>বাস্তবায়নে :</u> অধিদপ্তর (সকল)</td></tr>
<tr><td>৭</td><td colspan="2"><u>পেন্ডিং বিষয়াদি ঃ</u></td></tr>
<tr><td></td><td><u>৭.১ (প্রতিবেদনাধীন জানুয়ারি/২০১৭ মাসে ০১ মাসের অধিক পেন্ডিং বিবরণী)</u>
<table>
<tr><th>অধিদপ্তর/ সংস্থার নাম</th><th>০১ মাসের অধিক পেন্ডিং (ফেব্রুয়ারি)</th><th>০১ মাসের অধিক পেন্ডিং (জানুয়ারি)</th><th>পূর্ববর্তী মাসের তুলনায় বৃদ্ধি (+) বা হ্রাসের (-) সংখ্যা</th></tr>
<tr><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ</td><td>৩০</td><td>--</td><td>+৩০</td></tr>
<tr><td>বহিরাগমন-পাসপোর্ট</td><td>০০</td><td>--</td><td>০০</td></tr>
<tr><td>কারা</td><td>৪৯</td><td>৩৯</td><td>+১০</td></tr>
<tr><td>ফায়ার সার্ভিস</td><td>৩৮</td><td>৩৮</td><td>০০</td></tr>
<tr><td>মোট =</td><td>১১৭</td><td>৭৭</td><td>+৪০</td></tr>
</table></td><td>ক) সুরক্ষা সেবা বিভাগে অধিদপ্তরের পেন্ডিং বিষয়াদি এবং অধিদপ্তরসমূহে সুরক্ষা সেবা বিভাগের পেন্ডিং বিষয়াদি আলাদাভাবে পাশাপাশি উল্লেখ করতে হবে।<br>খ) প্রতি মাসের ১ম সপ্তাহের মধ্যে অধিদপ্তরসমূহের পেন্ডিং তালিকা প্রেরণ করতে হবে।<br>গ) অধিদপ্তর/সংস্থা প্রধানগণ নিয়মিত পেন্ডিং বিষয়াদি পরীক্ষা করে বিধি মোতাবেক পেন্ডিং বিষয়াদি নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন।<br><u>বাস্তবায়নে :</u> অনুবিভাগ (সকল)/অধিদপ্তর (সকল)</td></tr>
<tr><td></td><td><u>৭.২ গুরুত্বপুর্ণ পেন্ডি বিষয়াদি</u><br>৭.২.১ কারা অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১১ এর আংশিক সংশোধন প্রসঙ্গে।</td><td>বাস্তবায়িত।<br><u>বাস্তবায়নে :</u> কারা অধিশাখা/কারা অধিদপ্তর</td></tr>
<tr><td></td><td>৭.২.২ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০ সংশোধন প্রসঙ্গে।</td><td>অর্থ বিভাগের নির্দেশনা অনুসারে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><u>বাস্তবায়নে :</u> মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিশাখা/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td></tr>
<tr><td></td><td>৭.২.৩ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (এ্যালকোহল) বিধিমালা ২০১৫ প্রণয়ন প্রসঙ্গে।</td><td>সভার কার্যবিবরণী অনুযায়ী দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><u>বাস্তবায়নে :</u> মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিশাখা/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td></tr>
<tr><td></td><td>৭.২.৪ অনুমোদিত অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪ সংশোধন প্রস্তাব।</td><td>অগ্নি প্রতিরোধ বিধিমালাটি দ্রুত সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে।<br><u>বাস্তবায়নে :</u> অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td></tr>
<tr><td></td><td>৭.২.৫ বাংলাদেশ পাসপোর্ট আইন-২০১৬।</td><td>সাজা সংশোধনীতে আইন মন্ত্রণালয়ের পর্যবেক্ষণের বিষয়টি নথিতে সচিব মহোদয় বরাবর উপস্থাপন করতে হবে।<br><u>বাস্তবায়নে :</u> নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ</td></tr>
<tr><td></td><td>৭.২.৬ Immigration Ordinance ১৯৮২ এর বাংলায় অনুবাদ</td><td>Immigration Ordinance ১৯৮২ এর বাংলায় অনুবাদ জরুরি ভিত্তিতে সম্পন্ন করতে হবে।<br><u>বাস্তবায়নে :</u> নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ/বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর</td></tr>
<tr><td></td><td>৭.২.৭ অতিরিক্ত মহাপরিচালক, পরিচালক (ওয়্যারহাউজ), পরিচালক (প্রশিক্ষণ) সংশ্লিষ্ট কর্মকর্তার সহায়ক স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর, ড্রাইভার ও অফিস সহায়ক এর ১২টি পদ সৃজন প্রসঙ্গে।</td><td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর চাহিত তথ্যাবলি দ্রুত সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবে।<br><u>বাস্তবায়নে :</u> অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td></tr>
</table>

| | |
|---|---|
| ৭.২.৮ ১৫৬ প্রকল্পের আওতায় ০৪টি ফায়ার স্টেশনের অনুকূলে ১০৮টি পদ সৃজনের প্রস্তাব। | এ প্রকল্পের আওতায় কতটি ষ্টেশন নির্মাণ সম্পন্ন হয়েছে, কতটিতে জনবল নিয়োগ করা হয়নি এ বিষয়ে মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর বিস্তারিত তথ্য সুরক্ষা সেবা বিভাগকে অবহিত করবেন।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৭.২.৯ ১৫৬ টি ফায়ার স্টেশন স্থাপন প্রকল্পের ৫৫ টি স্টেশনের ১৪৯৩টি জনবলের পদ সৃজনের প্রস্তাব প্রসঙ্গে। | এ প্রকল্পের আওতায় কতটি ষ্টেশন নির্মাণ সম্পন্ন হয়েছে, কতটিতে জনবল নিয়োগ করা হয়নি এ বিষয়ে মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর বিস্তারিত তথ্য সুরক্ষা সেবা বিভাগকে অবহিত করবেন।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৭.২.১০ দেশের গুরুত্বপূর্ণ উপজেলা সাগর/স্থানে ১৫৬ টি ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্পের অধীনে বাস্তবায়নাধীন ১৫ টি ফায়ার স্টেশনের অনুকূলে ৪০৫ টি পদ সৃজনের প্রস্তাব। | এ প্রকল্পের আওতায় কতটি ষ্টেশন নির্মাণ সম্পন্ন হয়েছে, কতটিতে জনবল নিয়োগ করা হয়নি এ বিষয়ে মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর বিস্তারিত তথ্য মন্ত্রণালয়কে অবহিত করবেন।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৭.২.১১ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়্যারহাউজ ইন্সপেক্টর, স্টেশন অফিসার, স্টাফ অফিসার, জুনিয়র প্রশিক্ষক ও মবিলাইজিং অফিসার এই পাঁচ ক্যাটাগরীর পদের বেতন স্কেলের গ্রেড উন্নীতকরণ। | এ বিষয়ে অর্থ বিভাগের সাথে যোগাযোগ করে দ্রুত নিস্পত্তি করতে হবে।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৭.২.১২ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অধীনে ৩টি ক্যাটাগরীর মোট ৬টি পদের (ফায়ারম্যান, সমমান ডেমস্ট্রেটর) বেতন স্কেল উন্নীতকরণ। | এ বিষয়ে অর্থ বিভাগের অসম্মত্তির প্রেক্ষিতে যৌক্তিকতা তুলে ধরে পুনরায় প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৭.২.১৩ নবসৃষ্ট ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ের জন্য ফায়ার সার্ভিস অধিদপ্তরে ৪৮ টি পদ সৃজন। | নবসৃষ্ট ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ের জন্য ফায়ার সার্ভিস অধিদপ্তরে ৪৮ টি পদ সৃজিতব্য পদের বেতনস্কেল নির্ধারণের জন্য দ্রুত অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৭.২.১৪ কারা অধিদপ্তরাধীন ৬৬ টি কারাগারের জন্য পূর্বে প্রস্তাবিত জনবলের সংশোধিত ১৬৮৭৪ টি পদ সৃজনের প্রস্তাবে ৩,১০৭ টি পদের অনুমোদন পাওয়া যায়। | সৃজিত পদের নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।<br>বাস্তবায়নে : কারা অধিশাখা/কারা অধিদপ্তর |
| ৭.২.১৫ কারা অধিদপ্তরের অধীন বিভিন্ন কারাগারের টিওইএন্ডইতে ৫৮টি যানবাহন অন্তর্ভূক্তকরণ। | অর্থ বিভাগের সাথে যোগাযোগ করতে হবে।<br>বাস্তবায়নে : কারা অধিশাখা/কারা অধিদপ্তর |
| ৭.২.১৬ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে কম্পিউটার, ল্যাপটপ ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডই-এ অন্তর্ভূক্ত বৃদ্ধিকরণের প্রস্তাব। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে চাহিত তথ্য দ্রুত প্রেরণ করবে।<br>বাস্তবায়নে : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিশাখা/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| ৭.২.১৭ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ঝুঁকিভাতা প্রদানের সংশোধিত প্রজ্ঞাপন জারী করা প্রসঙ্গে। | প্রস্তাবটি অনুমোদনে অর্থ বিভাগের সাথে যোগাযোগ করতে হবে।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৭.২.১৮ মৌলভী বাজার জেলা কারাগারের জন্য ৩.০৩ একর জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন। | জেলা প্রশাসক, মৌলভীবাজার বরাবর তাগিদ পত্র প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : কারা অধিশাখা/কারা অধিদপ্তর |

**অডিট আপত্তি ;**

| অধিদপ্তর/ সংস্থার নাম | অডিট আপত্তির মোট প্রাপ্তি (ফেব্রুয়ারি) | নিস্পত্তির সংখ্যা (ফেব্রুয়ারি) | নিস্পত্তির সংখ্যা (জানুয়ারি) | পূর্ববর্তী মাসের তুলনায় নিস্পত্তি বৃদ্ধি(+) বা হ্রাস(-) |
|---|---|---|---|---|
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ | ১৪৪ | ০০ | -- | ০০ |
| বহিরাগমন-পাসপোর্ট | ৩৩ | ১৩ | ১৩ | ০০ |
| কারা | ৩২৮ | ০০ | ০০ | ০০ |
| ফায়ার সার্ভিস | ০০ | ০০ | ০০ | ০০ |
| মোট = | ৫০৫ | ১৩ | ১৩ | ০০ |

ক) অডিট আপত্তি নিস্পত্তির জন্য সুরক্ষা সেবা বিভাগে ০১টি কমিটি গঠন করতে হবে।

খ) ত্রিপক্ষীয় ও দ্বিপক্ষীয় সভা আহবানের মাধ্যমে অডিট আপত্তি সমূহ দ্রুত নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ) অধিদপ্তরসমূহ অডিট আপত্তি নিস্পত্তির লক্ষ্যে কতগুলো সভা করেছেন তা প্রতিমাসে সুরক্ষা সেবা বিভাগকে জানাতে হবে।

**বাস্তবায়নে :** অধিদপ্তর (সকল)

৯ **মামলা :**

সভায় সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তর সমূহের চলমান রীট ও এটি মামলা নিস্পত্তির বিষয়ে আলোচনা করা হয়। প্রতিটি অধিদপ্তরে কতগুলো মামলা নিস্পত্তির অপেক্ষায় রয়েছে তা নিয়ে আলোচনা করা হয়। সভায় প্রতিটি সংস্থার চলমান মামলা সমূহের তালিকা প্রনয়ণ করে তা দ্রুত নিস্পত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় আলোচনা করা হয় যে, চলমান মামলা সমূহ সলিসিটর উইং এর মাধ্যমে মোকাবেলা করায় অধিকাংশ রায় সরকারের যৌক্তিক ব্যবস্থা থাকা সত্ত্বেও বিপক্ষে চলে যায়। সরকারি স্বার্থ রক্ষার্থে চলমান মামলাসমূহ আইন মন্ত্রণালয়ের মাধ্যমে বেসরকারি উকিল নিয়োগের মাধ্যমে মোকাবেলা করার প্রস্তাব করা হয়। এ প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।

(ক) অধিদপ্তর প্রধানগণ তার সংস্থায় মামলার পরিসংখ্যান প্রস্তুতপূর্বক সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবেন।

(খ) অধিদপ্তর প্রধানগণ তার সংস্থায় চলমান মামলাসমূহ দ্রুত নিস্পত্তির জন্য আইন মন্ত্রণালয়ের মাধ্যমে বেসরকারি আইনজীবি নিয়োগের ব্যবস্থা করবেন।

**বাস্তবায়নে :** অধিদপ্তর (সকল)

১০ **পেনশন কেইস ;**

| অধিদপ্তর/সংস্থার নাম | পেন্ডিং পেনশন কেইস (ফেব্রুয়ারি) | পেন্ডিং পেনশন কেইস (জানুয়ারি) | পূর্ববর্তী মাসের তুলনায় পেনশন কেইসের বৃদ্ধি(+) বা হ্রাস (-) |
|---|---|---|---|
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ | ০০ | -- | ০০ |
| বহিরাগমন-পাসপোর্ট | ০২ | ০২ | ০০ |
| কারা | ০৩ | ০৩ | ০০ |
| ফায়ার সার্ভিস | ১২ | ০৫ | +৭ |
| মোট = | ১৭ | ১০ | +৭ |

অধিদপ্তর প্রধানগণকে বিধি মোতাবেক দ্রুত পেনশন কেইস নিস্পত্তি করবেন।

**বাস্তবায়নে :** অধিদপ্তর (সকল)

১১ **পরিদর্শন :**

সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের প্রধানগন তাদের নিজ নিজ দপ্তরসমূহ পরিদর্শন করবেন এবং পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, অধিদপ্তর/সংস্থাসমূহের প্রধানগন তাদের নিজ নিজ দপ্তরসমূহ এবং মাঠ পর্যায়ের অফিস সমূহ নিয়মিত পরিদর্শন করবেন। এতে সবাই একমত পোষণ করেন।

ক) অধিদপ্তর/সংস্থাসমূহের প্রধানগন তাদের নিজ নিজ দপ্তরসমূহ এবং মাঠ পর্যায়ের অফিস সমূহ নিয়মিত পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

খ) অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ কর্তৃক পরিদর্শনের বিবরণ সম্বলিত ছকাকারে প্রতিবেদন প্রতি মাসে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে।

গ) সুরক্ষা সেবা বিভাগের কর্মকর্তাগণ বিভিন্ন জেলায় চলমান ও উন্নয়ন প্রকল্পসহ ০৪টি অধিদপ্তরের অফিসসমূহ পরিদর্শন করবেন। উন্নয়ন অনুবিভাগ সুরক্ষা সেবা বিভাগের কর্মকর্তাগণের জন্য বিভিন্ন জেলার অফিস পরিদর্শন ভ্রমণসূচি প্রণয়ন করবেন।

**বাস্তবায়নে :** অধিদপ্তর (সকল)

**বিবিধ :**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| ১২.১ <u>কর্মপরিকল্পনা প্রনয়ণ</u>: সভায় সুরক্ষা সেবা বিভাগের অধীনস্থ অধিদপ্তর সমূহের কর্মপরিকল্পনার বিষয়ে আলোচনা করা হয়। অধিদপ্তর সমূহের যাবতীয় কার্যাবলী সম্পাদনের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রনয়ন অত্যাবশ্যক। সভায় একমত পোষন করা হয় যে, স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা প্রনয়ণ করতে হবে। | ১৩.১ অধিদপ্তর প্রধানগণ তাদের নিজস্ব অধিদপ্তরের সার্বিক কার্যাবলির উপর স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা প্রনয়ণ করে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।<br>**<u>বাস্তবায়নে :</u>**অধিদপ্তর (সকল) |
| ১২.২ <u>গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সম্পাদিত কাজের অগ্রগতি</u> : | ১৩.২ গণপূর্ত অধিদপ্তর কর্তৃক যে সকল কাজ করা হচ্ছে তার প্রতিবেদন নিম্নে বর্ণিত ছকে উপস্থাপন করতে হবে। (ছক নিচে)<br>**<u>বাস্তবায়নে :</u>** অধিদপ্তর (সকল) |
| ১২.৩ <u>প্রতিমাসে অনন্ত একটি গুড প্র্যাকটিস ও একটি উদ্ভাবনী কার্যক্রম প্রণয়ন</u>: | ১৩.৩ প্রতিমাসে অনন্ত একটি গুড প্র্যাকটিস ও একটি উদ্ভাবনী কার্যক্রম প্রণয়ন করতে হবে।<br>**<u>বাস্তবায়নে :</u>** অধিদপ্তর (সকল) |
| ১২.৪ <u>পূর্ত কাজ তদারকির জন্য গণপূর্ত অধিদপ্তরের প্রকৌশলী সুরক্ষা সেবা বিভাগে ন্যস্তকরণ</u>: | ১৩.৪ সুরক্ষা সেবা বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তরসমূহে চলমান পূর্ত কাজ তদারকির জন্য ০১ জন তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও ০১ জন সহকারী প্রকৌশলী সুরক্ষা সেবা বিভাগে ন্যস্ত করার জন্য সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়কে পত্র দিতে হবে।<br>**<u>বাস্তবায়নে :</u>** প্রশাসন ও অর্থ অনুবিভাগ |

১৩.২ এর ছক:

| ক্রমিক নং | প্রকল্পের নাম/ কাজের নাম | কার্যাদেশ প্রদানের তারিখ | বর্তমান অগ্রগতি (তারিখ উল্লেখপূর্বক) | সমাপ্তির তারিখ |
|---|---|---|---|---|
| | | | | |

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়